

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

...  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-০৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৭৫

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮

১৩ জুন ২০২১

বিষয়: বেসরকারি মাদ্রাসার গভর্নিংবডি ও ম্যানেজিং কমিটির প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৮(৩) অনুযায়ী তাফালবাড়িয়া হাসানিয়া আলিম মাদ্রাসা, মঠবাড়িয়া, পিরোজপুর এর অধ্যক্ষ কর্তৃক সেপ্টেম্বর-অক্টোবর/২০২০ মাসের বেতন-ভাতা বন্ধ রাখায় বকেয়া প্রদানসহ বেতন-ভাতা চালু রাখার আদেশ প্রদান সংক্রান্ত।

সূত্র: জনাব মোঃ মোস্তফা হোসাইন, সহকারী মৌলভী, জনাব মোঃ জাকারিয়া, সিনিয়র মৌলভী, জনাব মোঃ রুহুল আমিন, নৈশ প্রহরী, তাফালবাড়িয়া হাসানিয়া আলিম মাদ্রাসা, উপজেলা-মঠবাড়িয়া, জেলা-পিরোজপুর এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয়ে বেসরকারি মাদ্রাসার গভর্নিংবডি ও ম্যানেজিং কমিটির প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৮(৩) অনুযায়ী তাফালবাড়িয়া হাসানিয়া আলিম মাদ্রাসা, মঠবাড়িয়া, পিরোজপুর এর অধ্যক্ষ কর্তৃক সেপ্টেম্বর-অক্টোবর/২০২০ মাসের বেতন-ভাতা বন্ধ রাখায় বকেয়া প্রদানসহ বেতন-ভাতা চালু রাখার আদেশ প্রদানের বিষয়ে উক্ত মাদ্রাসা শিক্ষক ও কর্মচারী জনাব মোঃ মোস্তফা হোসাইন, সহকারী মৌলভী, জনাব মোঃ জাকারিয়া, সিনিয়র মৌলভী, জনাব মোঃ রুহুল আমিন, নৈশ প্রহরী এ বিভাগে আবেদন দাখিল করেছেন।

২.০ আবেদনে জানানো হয়েছে যে, জনাব মোঃ মোস্তফা হোসাইন, সহকারী মৌলভী, জনাব মোঃ জাকারিয়া, সিনিয়র মৌলভী, জনাব মোঃ রুহুল আমিন, নৈশ প্রহরী, তাফালবাড়িয়া হাসানিয়া আলিম মাদ্রাসা, উপজেলা-মঠবাড়িয়া, জেলা-পিরোজপুর এর কর্মরত আছেন। অধ্যক্ষের নানা অনিয়ম, অর্থ কেলেংকারী ও দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ করায় মাদ্রাসার অধ্যক্ষ তাঁদের সেপ্টেম্বর-অক্টোবর/২০২০ মাসের এমপিও বন্ধ করেন। এ সংক্রান্ত প্রতিবাদ এবং ব্যক্তিগত সম্পত্তির কারণে মাদ্রাসার অধ্যক্ষ তাঁদের বিরুদ্ধে মোকাম মঠবাড়ীয়া সিনিয়র সহকারী জজ আদালত, পিরোজপুর, দেওয়ানী মোকদ্দমা নং-৬৪/২০২০ দায়ের করেন। সেপ্টেম্বর-অক্টোবর/২০২০ মাসের বেতন বন্ধ করা আইন ও বিধি-বিধানের লঙ্ঘনের পরিপন্থি।

৩.০ এমতাবস্থায়, বর্ণিত আবেদনের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১১ (এগার) পাতা।

১৩-৬-২০২১

সৈয়দ আসগর আলী  
সহকারী সচিব

মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা


অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৭৫/১(৪)

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮  
১৩ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব(মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।



১৩-৬-২০২১

সৈয়দ আসগর আলী  
সহকারী সচিব